গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন (১৬তম তলা)
স্কিলস্ ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগাম (SEIP)
71-72 ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-1000
www.seip-fd.gov.bd

**SEIP প্রকল্পের অর্থায়নে Competency Based Training and Assessment (CBT & A) Level 4 প্রশিক্ষণ গ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট থেকে আবেদন আহবান**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের অর্থায়নে 700 প্রশিক্ষক ও 200 অ্যাসেসরকে Competency Based Training and Assessment (CBT&A) Level-IV প্রশিক্ষণ ও সনদ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যে সকল প্রশিক্ষক ও অ্যাসেসরগণ CBT&A Level-IV প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। আবেদনের শেষ তারিখঃ ১৫ ফেব্রুয়ারী, রাত ১২.০০ ঘটিকা, ২০২৩ খ্রিঃ।

১. **প্রশিক্ষক পদে প্রশিক্ষণের জন্য নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ**
ক. প্রকৌশল বিষয়ে নুন্যতম ডিপ্লোমা
অথবা সংশ্লিষ্ট ট্রেডে/বিষয়ে অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী এবং কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত।

২. **অ্যাসেসর পদে প্রশিক্ষণের জন্য যোগ্যতা ও অভিজ্ঞতাঃ**
ক. প্রকৌশল বিষয়ে নুন্যতম ডিপ্লোমা
অথবা সংশ্লিষ্ট ট্রেডে/বিষয়ে শিল্প প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী
খ. কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অ্যাসেসর হিসেবে দায়িত্ব পালন করেন অথবা অ্যাসেসর হিসেবে দায়িত্ব পালনের সনদ রয়েছে।

**আবেদন পদ্ধতিঃ**

১. প্রার্থীকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। (ওয়েব লিংক https://forms.gle/ppqXHwQghPrQQjCZ8)
২. অনলাইনে আবেদনের সময় প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্য সঠিকভাবে পূরণ করে সকল সনদপত্রের সফট কপি ও সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি আপলোড করতে হবে।
[বি.দ্র. ছবির সর্বোচ্চ সাইজ 100 KB (300dp×300dp); সনদপত্রসমূহ একটি PDF ফাইলে যার সর্বোচ্চ সাইজ 1 MB]

**প্রশিক্ষণের বৈশিষ্ট্যঃ**

১. এই প্রশিক্ষণ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে।
২. CBT & A Level-4 প্রশিক্ষণটি প্রশিক্ষকদের জন্য ১৮ দিন ব্যাপী এবং Assessors দের জন্য ১১ দিন ব্যাপী অনুষ্ঠিত হবে।
৩. প্রশিক্ষণকালে প্রশিক্ষক ও অ্যাসেসরদের থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে।
৪. প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যাতায়াত ভাতা ও প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
৫. উক্ত প্রশিক্ষণে নারী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং Physically Challenged ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেয়া হবে।

**প্রশিক্ষণ কেন্দ্রঃ**

১. Bangladesh-Korea Technical Training Center (BKTTC), Dhaka
২. Bangladesh-Korea Technical Training Center (BKTTC), Chattogram
(বি.দ্র. প্রার্থীকে অব্যশই আবেদনের সময় আগ্রহী প্রশিক্ষণ কেন্দ্রের নাম উল্লেখ করতে হবে।)

**বিশেষ দ্রষ্টব্যঃ** (ক) SEIP প্রকল্পের আওতায় সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যে সকল প্রশিক্ষক কর্মরত আছেন/Guest Trainer হিসাবে TMS এ নাম অন্তর্ভুক্ত আছে তাদের আবেদন করার প্রয়োজন নেই। তাদেরকে সরাসরি উক্ত প্রশিক্ষণের জন্য বিবেচনা করা হবে।

(খ) SEIP প্রকল্পের আওতাভূক্ত বিভিন্ন Industry Associations এর প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যে সকল প্রশিক্ষক/ অ্যাসেসর কর্মরত আছেন, তাদেরকে আবেদন করতে হবে।

গ)প্রশিক্ষকগণও অ্যাসেসর হিসাবে লেভেল-৪ প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন।

২৬/১/২০২৩
মোঃ মাহফুজুল আলম খান
উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (পাবলিক)
(যুগ্ম-সচিব)
ফোনঃ ৫৫১৩৮৭৫৩-৫
E-mail: mahfuzulalaam.seip@gmail.com